JAN. 2001
দৈনিক ইত্তেফাক

# বইয়ের অভাবে স্কুলে নিয়মিত পাঠদান শুরু হয় নাই

ইত্তেফাক রিপোর্ট ॥ নূতন বছরের একটি মাস চলিয়া যাইতেছে। অথচ স্কুলের সংখ্যাগরিষ্ঠ ছাত্র-ছাত্রীর হাতে এখনও নূতন বই পৌঁছায় নাই। ফলে অধিকাংশ স্কুলে ক্লাস শুরু হইলেও ক্লাসে পড়াশুনা হইতেছে না। কোন কোন স্কুলে ছাত্র-শিক্ষকের হাজিরা খুবই কম। আবার কোন কোন স্কুলে ছাত্র-শিক্ষক আসিতেছে ঠিকই কিন্তু নূতন বই আসে নাই এই অজুহাতে ক্লাসে আড্ডা মারিয়া যখন খুশি তখন চলিয়া যাইতেছে। জানা গিয়াছে, প্রাথমিক শাখার কিছুসংখ্যক বই দেশের বিভিন্ন এলাকায় পাঠান হইলেও মাধ্যমিক শাখার বই এখনও দেশের কোথাও পৌঁছে নাই। কবে পৌঁছাইবে এই ব্যাপারেও স্কুলগুলিতে কোন তথ্য নাই। এই সুযোগে চতুর ব্যবসায়ীরা বিগত বছরগুলির পুরাতন ছেঁড়া বই বিক্রয়ের প্রতিযোগিতায় নামিয়া পড়িয়াছে। দেশের প্রত্যন্ত অঞ্চলের স্কুলগুলিতে নূতন বইয়ের ব্যাপারে সঠিক কোন তথ্য দেওয়া হইতেছে না। ফলে অভিভাবকরা বাধ্য হইয়া সন্তানকে পুরাতন বই কিনিয়া দিতেছেন। কোন কোন স্কুলে শিক্ষাবর্ষের কার্যক্রম ধারাবাহিকতা রক্ষা করার জন্য কর্তৃপক্ষ বাধ্য হইয়া আপাততঃ পুরাতন বই কেনার জন্য অভিভাবকদের পরামর্শ দিতেছেন। ফলে পুরাতন বইয়ের কাটতিও বাড়িয়া গিয়াছে।

প্রাথমিক শাখার বিনামূল্যের পাঠ্যবই দেশের বিভিন্ন স্থানে পাঠানো হইলেও বিতরণ প্রক্রিয়ায় ত্রুটি দেখা দিয়াছে। অধিকাংশ ক্ষেত্রে জেলা সদরে নূতন বই পাঠানোর ব্যাপারে গুরুত্ব দেওয়া হইতেছে। শহরের বাহিরে প্রত্যন্ত অঞ্চলের স্কুলে এখনও প্রাথমিক শাখার বই পৌঁছায় নাই। শিক্ষা মন্ত্রণালয় হইতে একাধিকবার ঘোষণা দেওয়া হইয়াছে চলতি মাসের মধ্যেই সারাদেশে বোর্ডের নূতন বই পৌঁছাইবে। কিন্তু বিভিন্ন সূত্র এই ক্ষেত্রে আশংকা প্রকাশ করিয়াছে। নাম প্রকাশে অনিচ্ছুক একটি সূত্র জানায়, মাধ্যমিক শাখার নূতন বই প্রকাশের ক্ষেত্রে এখনও আশানুরূপ অগ্রগতি হয় নাই। সংশ্লিষ্ট মন্ত্রণালয় এই ব্যাপারে তৎপর না হইলে চলতি মাসে মাধ্যমিক শাখার বোর্ডের বই পাওয়া যাইবে কিনা, সন্দেহ দেখা দিয়াছে।

নগরীর বিভিন্ন স্কুলের শিক্ষকবৃন্দ বলিয়াছেন, বোর্ডের বইয়ের ব্যাপারে একটি সুষ্ঠু নীতিমালা থাকা জরুরী। অধিকাংশ স্কুলে বছরে তিনবার পরীক্ষা গ্রহণ করা হয়। নিয়ম অনুযায়ী মার্চে ত্রৈমাসিক পরীক্ষা অনুষ্ঠিত হইবে। সঠিক সময়ে এই বই না পাইলে ছাত্র-ছাত্রীরা কিভাবে এই পরীক্ষায় অংশ নিবে?

### পাঠ্যপুস্তকের দাবীতে আজ ছাত্র ধর্মঘট

এদিকে জানুয়ারী মাসের মধ্যে পাঠ্যপুস্তক সরবরাহের দাবীতে ছাত্র মৈত্রী আজ শনিবার সারাদেশের স্কুলে ছাত্র ধর্মঘট আহ্বান করিয়াছে।